প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে

‘প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে। তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা সবার আগে। দেশের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়নে সরকার সবোর্চ্চ গুরুত্বারোপ করেছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণ করেছেন। ১লা জানুয়ারিতেই সারাদেশে বই বিতরণের ঐতিহাসিক সাফল্য সারাবিশ্বকে হতবাক করে দিয়েছে।

গতকাল শনিবার সকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের করণীয় শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

তিনি বলেন, ”একজন প্রাইমারী শিক্ষক যে কত দামী সেটা কিন্তু সকলে মাপতে পারে না। এটি মাপার জন্য সুশিক্ষিত যোগ্যতাসম্পন্ন মানুষের প্রয়োজন। ‘

মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক (আইটিসি) মোঃ কাদের মিয়া, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক সহ জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ।

রাস্তা হলো উন্নয়নের প্রতীক — জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, রাস্তা হলো উন্নয়নের প্রতীক। যে এলাকার যত রাস্তা হবে, যোগাযোগ যত উন্নত হবে, সেই এলাকা তত উন্নত হবে। উপজেলা থেকে উপজেলা পর্যন্ত সড়ক নির্মাণ ও মেরামতের ফলে গ্রামাঞ্চলের মানুষের জীবন মান বৃদ্ধি পাচ্ছে। আমাদের দৈনিন্দিন কাজগুলোকে সহজ করতে পারছি। রাস্তা ঘাটের উন্নয়নের ফলে যোগাযোগ ও আইনশৃংখলার ব্যাপারে নিরাপদ এলাকা হিসেবেও প্রতিষ্ঠিত করতে পারছি।

শুক্রবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর কলেজ মোড়ে আয়োজিত “৬৪৩ কোটি টাকা ব্যায়ে কুষ্টিয়া ত্রিমোহনী থেকে মেহেরপুর পর্যন্ত রাস্তাটির যথাযথ মান ও প্রশস্ততায় উন্নতিকরণ” শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুর
কলেজমোড়ে নামফলক উন্মোচন করে নির্মাণ কাজের উদ্বোধন করেন। প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আরও বলেন, ২০১৪ সালের পর থেকে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাধ্যমে ৪৩৮ কোটি ৪ লাখ টাকা ব্যায়ে ইউনিয়ন ও গ্রামের বিভিন্ন রাস্তা নির্মাণ ও মেরামত করা হয়েছে। এখন কৃষকদের সরাসরি উপকার করার জন্য মাঠের রাস্তাগুলোর কাজ করা হচ্ছে। রাস্তার উন্নয়ন হলে কৃষকরা তাদের ফসল দ্রুত বিক্রি করতে পারেন এবং ন্যায্যমূল্যে পাচ্ছেন। রাস্তা ঘাট ভাল হওয়ার ফলে কৃষকদের জমির দামও বেড়েছে।

তিনি বলেন, মুজিবনগর ঘীরে অনেক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মেহেরপুর এখন বাংলাদেশের উন্নয়নের রোল মডেল। এই জেলাকে সাজাতে অনেক বড় পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। জেলার রাস্তা ঘাট, স্কুল কলেজ, নাদী নালা ও ভৌত অবকাঠামোর উন্নয়নের কারণে মেহেরপুর জেলা এখন অর্থনৈতিকভাবে সামনের দিকে এগিয়ে যাচ্ছি।

প্রতিমন্ত্রী বলেন, জামায়াত বিএনপি’র জোট সরকারের আমল ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত অন্ধকার যুগে মানুষ সন্ধ্যার পর বাইরে বের হতে

পারতো না। আতংকের মধ্যে থাকতো। মানুষ গ্রামে থাকতে চাইতো না। অথচ, এখন মানুষ গ্রামেই ফিরে গিয়ে বাড়ি তৈরী করছেন। কারণ, এখন গ্রাম আর সেই গ্রাম নয়, গ্রাম এখন শহরে পরিণত হয়েছে। গ্রামগুলো এখন দৃষ্টিনন্দন প্রাকৃতিক দৃশ্যের ছবির মত। কৃষকরা ঘরের দরজা খোলা রেখে ঘুমাতে পারছেন। মাঠের মেসিন আর গোয়ালের গরু চুরি হচ্ছেনা। এখন মানুষ চরম নিরাপত্তার মধ্যে আছেন।

দেশের অগ্রযাত্রা ও উন্নয়নকে সবার মাঝে ছড়িয়ে দেওয়ার আহবান জানিয়ে ফরহাদ হোসেন বলেন, যারা ইতোপূর্বে ব্যর্থ হয়েছে, খুন খারাপি, জঙ্গিবাদ, চুরি ডাকাতি করেছে। সেই বিএনপি এখন আন্দোলনের হুমকী দিচ্ছে। মানুষ তাদের সেই আন্দোলন সংগ্রামের ডাকে সাড়া দেবেনা। ১৪ সালে তারা যেভাবে পেট্টোল বোমা মেরেছে, তাতে শুধু আওয়ামী লীগের লোক নয়, বিএনপির লোকও পেট্টোল বোমায় ঝলসে গেছেন, মারা গেছেন। তারা আবার সন্ত্রাসীদের নিয়ে হুমকী দিচ্ছেন। জঙ্গিদের নিয়েই বিএনপি জামায়াতের চলাফেরা। বিএনপি জামায়াত যাতে এই উন্নয়ন ও শান্তি বিঘ্নিত করতে না পারে সেব্যাপারে সবাইকে সতর্ক থাকার আহবান জানান।

সড়ক ও জনপদ বিভাগ কুষ্টিয়া সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু হানা মোস্তফা কামালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, সড়ক ও জনপদ বিভাগ খুলনার অতিরিক্ত প্রধান প্রকৌশলী সৈয়দ আসলাম আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী।

মেহেরপুরে খাদ্য ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন ফরহাদ

হোসেন

মেহেরপুরে অসহায় দরিদ্র মানুষদের খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

শনিবার বিকালে ফরহাদ হোসেন তার নিজ ফেসবুক পেজে এ বিষয়ে একটি ফেসবুক স্ট্যাটাস দেন।

জন প্রশাসন প্রতিমন্ত্রীর ফেসবুক পোষ্টটি তুলে ধরা হলো,

সুপ্রিয় এলাকাবাসী, আমার নির্বাচনী এলাকার কোন অসহায় দরিদ্র মানুষের প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের জন্য যোগাযোগ করুন।

যোগাযোগ করার জন্য তিনি ৫টি মোবাইল নাস্বার দিয়েছেন,

শাহাজান সিরাজ দোলন-০১৯৮১১৭৪৩৪৩, মিজানুর রহামন হিরণ, ০১৭৬০৯৬৯০০১,আসিফ-০১৬৭১৮৮৭৩২২, কুতুব উদ্দিন-০১৯৫১২৬৭৭৩৯,ইব্রাহীম-০১৭৬৮৮৪২০৬৮।

উল্লেখ্য, গত ২৪ মার্চ সন্ধা থেকে মেহেরপুর লক ডাউন করা হয়েছে। সেই সাথে সকল মানুষকে ঘরে থাকার জন্য বলা হচ্ছে। করোনা ভাইরাস মোকাবেলায় এধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর